

## নৌবাহিনীর ২০১৬-বি ব্যাচের ৭৮৩ জন নবীন নাবিকদের শিক্ষা সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠিত

বাংলাদেশ নৌবাহিনীর ২০১৬-বি ব্যাচের ৭৮৩ জন নবীন নাবিকের শিক্ষা সমাপনী কুচকাওয়াজ আজ মঙ্গলবার (২৭-১২-২০১৬) খুলনাস্থ নৌঘাঁটি বানৌজা তিতুমীর প্যারেড গ্রাউন্ডে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ, ওএসপি, এনডিসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মনোজ্ঞ কুচকাওয়াজ পরিদর্শন ও আকর্ষণীয় মার্চপাষ্টের সালাম গ্রহণ করেন। পরে তিনি কৃতি নবীন নাবিকদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

নৌবাহিনীর ২০১৬-বি ব্যাচের নবীন নাবিকদের মধ্যে মোঃ তুষারুজ্জামান, ওডি/ইউটি পেশাগত ও সকল বিষয়ে সেরা চৌকস নাবিক হিসেবে 'নৌ প্রধান পদক' লাভ করেন। এছাড়া ইনজামুল হক পলাশ, ডিই/এমএ-২/ইউটি দ্বিতীয় স্থান অধিকার করে 'কমখুল পদক' এবং আবদুল্লাহ আল মামুন, আরও(জি)-২/ ইউটি তৃতীয় স্থান অধিকার করে 'তিতুমীর পদক' লাভ করে।



নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ আজ মঙ্গলবার (২৭-১২-২০১৬) খুলনাস্থ নৌঘাঁটি বানৌজা তিতুমীরে নৌবাহিনীর ২০১৬-বি ব্যাচে পেশাগত ও সকল বিষয়ে সেরা চৌকস নাবিক হিসেবে মোঃ তুষারুজ্জামান, ওডি/ইউটি-কে 'নৌ প্রধান পদক' প্রদান করেন।  
ছবি : আইএসপিআর।

নৌবাহিনী প্রধান নবীন নাবিকদের উদ্দেশ্যে তার ভাষণে মহান মুক্তিযুদ্ধে স্বাধীনতার স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অসামান্য অবদানের কথা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। সেইসাথে স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণকারী বীর নৌসেনা ও মুক্তিযোদ্ধাদের সর্বোচ্চ আত্মত্যাগের কথা গভীরভাবে স্মরণ করেন। জাতির পিতা বঙ্গবন্ধুর দূরদর্শিতা এবং পরবর্তীতে তার সুযোগ্য উত্তরসূরী বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে দেশের ক্রমাগত অর্থনৈতিক উন্নয়নসহ সামরিক বাহিনী এবং সকল ক্ষেত্রে অভূতপূর্ব উন্নয়ন সাধিত হয়েছে। পাশাপাশি নৌবাহিনীর সক্ষমতাও বহুগুণে বৃদ্ধি পেয়েছে এবং একটি আধুনিক, ত্রিমাত্রিক ও যুগোপযোগী বাহিনী গঠনের কার্যক্রম চলমান রয়েছে।

এরই অংশ হিসেবে নৌবহরে যুক্ত হতে যাচ্ছে 'নবযাত্রা' ও 'জয়যাত্রা' নামে দুটি সাবমেরিন। ইতিমধ্যেই সাবমেরিন দুটি নিরাপদে দেশে এসে পৌঁছেছে। অচিরেই সাবমেরিন দুটি কমিশনের মাধ্যমে নৌবাহিনী ত্রিমাত্রিক শক্তি হিসেবে উন্মোচিত হবে।

মনোজ্ঞ এ কুচকাওয়াজে অন্যান্যের মধ্যে সহকারী নৌবাহিনী প্রধান (পার্সোনেল), খুলনা নৌ অঞ্চলের আঞ্চলিক কমান্ডার, খুলনা ও যশোর এলাকার পদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তাগণ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং নবীন নাবিকদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।